ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৮৮

মোহনপুর, ১৪ জুন, ২০২৫

**স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠা বার্ষিকী এবং রক্তদান শিবিরের উদ্বোধন করে কৃষিমন্ত্রী**
**ছাত্রছাত্রীদের মধ্যে সমস্ত বিষয়ে সুস্থ প্রতিযোগিতা থাকতে হবে**

ছাত্রছাত্রীদের মানুষের মত মানুষ হতে হবে। সমাজের বিভিন্ন অংশের মানুষকে ভালোবেসে কাছে টেনে নিতে হবে। এতে সমাজ এবং দেশ উপকৃত হবে। আজ মোহনপুরের স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ে স্বেচ্ছা রক্তদান শিবির এবং মহাবিদ্যালয়ের ১৩তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে কৃষিমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। তিনি বলেন, এই পৃথিবী আমাদের সবার। সবাইকে নিয়ে এগিয়ে যেতে হবে। ছাত্রছাত্রীদের পড়াশুনার পাশাপাশি রাজ্য তথা দেশের খবরা খবরও রাখতে হবে। আজ শ্রেণীকক্ষে যারা বসে রয়েছে তারাই আমাদের ভবিষ্যৎ। ছাত্রছাত্রীদের মধ্যে সমস্ত বিষয়ে সুস্থ প্রতিযোগিতা থাকতে হবে। এতে সমাজ উপকৃত হবে। তিনি বলেন, প্রত্যেক শিশু বিভিন্ন সম্ভাবনা নিয়ে জন্মায়। তাদের এই মেধাকে বিকশিত করার দায়িত্ব শিক্ষক-শিক্ষিকাদের। কৃষিমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীদের একবিংশ শতকের যে চ্যালেঞ্জ তাকে মোকাবেলা করেই এগিয়ে যেতে হবে। এই মুহূর্তে ভারতে ৩৫ কোটিরও বেশি যুব শক্তি রয়েছে। একে পাথেয় করে বিভিন্ন বিষয়ে আমাদের আত্মনির্ভর হতে হবে। ভারতের প্রধানমন্ত্রী চাইছেন আমরা যেন সবদিক দিয়ে আত্মনির্ভর হতে পারি। এই লক্ষ্য পূরণে ছাত্রছাত্রীদের একটি বিরাট ভূমিকা রয়েছে। বিশ্ব রক্তদাতা দিবসে তিনি সকল রক্তদাতাদের শুভেচ্ছা জানিয়ে স্বেচ্ছা রক্তদানে সবাই যাতে আরও বেশি করে এগিয়ে আসেন তার আহ্বান জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের শিক্ষক পরিষদের সম্পাদক দেবব্রত রায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. হারাধন সাহা, সমাজসেবী কার্তিক আচার্য প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে কৃষিমন্ত্রী রতনলাল নাথ স্বামী বিবেকানন্দের মূর্তিতে মাল্যদান করেন এবং বৃক্ষরোপণ করেন। অনুষ্ঠানে ছাত্রছাত্রীরা একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। স্বেচ্ছা রক্তদান শিবিরে মোট ২২ জন রক্তদান করেন।

*******